গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৪ শাখা

বিষয়ঃ “রাজশাহী জেলার চারঘাট ও বাঘা উপজেলায় পদ্মা নদীর বামতীরের স্থাপনাসমূহ নদী ভাঙ্গন হতে রক্ষা” শীর্ষক প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | কবির বিন আনোয়ার<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ০৫ জুন ২০২২ |
| সভার সময় | দুপুর ২:০০ ঘটিকা। |
| স্থান | পানি ভবনের সম্মেলন কক্ষ, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়, অত:পর প্রকল্প পরিচালককে প্রকল্পের সার্বিক বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হলে তিনি সভাকে প্রকল্পের পরিচিতি ও উদ্দেশ্য সম্পর্কে অবহিত করেন।তিনি জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৭২২২৪.২৬ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল ০১ জানুয়ারী ২০২০ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত।
অত:পর আলোচ্যসূচি অনুসারে বিভিন্ন বিষয় উপস্থাপন, আলোচনা ও নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

<table>
<tr>
<td>১.</td>
<td>
গ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি :<br>
প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের বাস্তব অগ্রগতি ২২.০০% এবং আর্থিক ৪.৫৭% এছাড়াও প্রকল্পের ৩১/০৫/২০২২ তারিখ পর্যন্ত খাত ভিত্তিকব্যয় ও বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।<br>
খ. ত্রৈমাসিক কর্মপরিকল্পনা (Quarterly Work Plan) পর্যালোচনা :<br>
নদীতীর প্রতিরক্ষা কাজ এবং নদীতীর প্রতিরক্ষাকাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনর্বাসন এবং ড্রেজিং কাজ ১.০৪% লক্ষমাত্রা ধরা ছিল।<br>
গ. পরিকল্পনা অনুযায়ী অগ্রগতি:<br>
কর্মপরিকল্পনা অনুযায়ী অর্জন ১.৫৯%। কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন<br>
অগ্রগতি অত্যন্ত হতাশাব্যঞ্জক বিধায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়<br><br>
ঘ. চলমান অর্থ বছরে ADP বরাদ্দ অগ্রগতি :
<table>
<tr><td>খাতের নাম</td><td>বাস্তব</td><td>আর্থিক</td></tr>
<tr><td>নদীতীর প্রতিরক্ষা কাজ</td><td>৫২.০০%</td><td>১০.০৭%</td></tr>
<tr><td>নদীতীর প্রতিরক্ষা কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনর্বাসন</td><td>১২.০০%</td><td>০.০০%</td></tr>
<tr><td>নদী খনন বা ড্রেজিং</td><td>০০.০০%</td><td>০.০০%</td></tr>
<tr><td>কলোনী মেরামত ও পুনর্বাসন</td><td>৩৯.০০%</td><td>৫.১৭%</td></tr>
<tr><td>সমগ্র প্রকল্প</td><td>২২.০০%</td><td>৫.৩৪%</td></tr>
</table>
প্রকল্পটির মেয়াদ জুন ২০২৩ শেষ হবে। তাইনির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প<br>
সমাপ্তির জন্য কর্ম পরিকল্পনা প্রণয়ন ও লক্ষ্যমাত্রা অর্জন করতে প্রয়োজনীয়<br>
সকল ব্যবস্থা গ্রহণ করতে হবেবাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় অসন্তোষ<br>
প্রকাশ করা হয়।
</td>
<td>
ক. প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br><br>
খ. নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পাদনের লক্ষে সঠিকভাবে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br><br>
গ. কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br><br>
ঘ. প্রকল্পের মেয়াদের প্রেক্ষিতে বার্ষিক ও ত্রৈমাসিক পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন করতে হবে।
</td>
<td>
প্রকল্প পরিচালক/ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
</td>
</tr>
<tr>
<td>২.</td>
<td>
পূর্ববর্তী সভার সিদ্ধান্ত প্রতিপালন :<br>
ক. বরাদ্দ স্বল্পতার কারণে প্রকল্পের অগ্রগতি কাংখিত লক্ষ্যে পৌছায়নি। নদী ড্রেজিং এর ২টি প্যাকেজের ৮টি লটের কার্যাদেশ দেয়া হয়েছে নদীর নাব্যতা সংকটের কারণে হার্ডিঞ্জ ব্রীজের উজানে ড্রেজার আনায়ন সম্ভব হয়নি। বর্ষা মৌসুমের শুরুতে ড্রেজার আনায়ন করা হবেঠিকাদার প্রতিষ্ঠানসমূহকে যথাসময়ে কাজ শেষ করার জন্য সতর্কতামূলক পত্র দেয়া হয়েছে।<br>
খ. ডিপিপিতে নতুন কাজ সংযোজন গোপালপুর-৪০০ মিটার, আলাইপুর-২০০ মিটার, চলমান কাজের সাথে ৭০০ মিটার নতুন কাজ সংযোজন করা প্রয়োজন।<br>
ক্যাডেট কলেজ রক্ষার্থে নদীতীর প্রতিরক্ষা কাজসম্পাদন, পুনর্বাসন ও ৪টি ক্রসবারের পরিবর্তে ৮টি ক্রসবাস নির্মাণ করা প্রয়োজন।
</td>
<td>
ক. যথাসময়ে বরাদ্দের জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে।সতর্কতামুলক পত্রের প্রেক্ষিতে গৃহীতকার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
</td>
<td>
প্রকল্প পরিচালক/ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
</td>
</tr>
<tr>
<td>৩.</td>
<td>
বৃক্ষ রোপন ও বণায়ন অগ্রগতি<br>
ড্রেজিং প্যাকেজে সর্বমোট ৫৮০৮টি গাছ রোপনের সংস্থান রয়েছে ড্রেজিং<br>
কাজ সম্পন্ন হলে গাছ রোপন করা হবে। এখন পর্যন্ত গাছ রোপন করা হয়নি।
</td>
<td>
ড্রেজিং কাজের সম্পন্ন হলে<br>
প্রত্যাশা অনুযায়ী গাছ রোপন করতে হবে
</td>
<td>
প্রকল্প পরিচালক
</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৪ | **প্রকল্পের সমস্যা ও সমাধান**<br>**সমস্যা** / **সমাধান প্রস্তাব**<br>গোপালপুর-৪০০ মিটার, আলাইপুর-২০০ মিটার, গোকুলপুর-৭০০ মিটার অতরিক্ত কাজ সম্পাদন করা প্রয়োজন<br>ক্যাডেট কলেজ রক্ষার্থে নদীতীর প্রতিরক্ষা কাজ<br>৪টি ক্রসবার নির্মাণ<br>বরাদ্দ বৃদ্ধি প্রয়োজন<br>**সমাধান প্রস্তাব**: ডিপিপি সংশোধন , প্রকল্পের সময় বৃদ্ধি প্রয়োজন। | ক. ডিপিপি সংশোধনে কারিগরি কমিটি গঠন করতে হবে।<br>খ. ৪টি ক্রসবার নির্মাণের বিষয়ে Feasibility Study করতে হবে।<br>গ. ৩ সপ্তাহের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন। | প্রকল্প পরিচালক/ বাংলাদেশ পাইন উন্নয়ন বোর্ড/পানি সম্পদ মন্ত্রণালয় |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৭.১৪.০০৫.২০.১০৪

তারিখ: ৬ আষাঢ়.১৪২৯
২০ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১২) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী, পওর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৬) প্রধান প্রকৌশলী, উত্তরপশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী।
১৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৮) উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "রাজশাহী জেলার চারঘাট ও বাঘা উপজেলায় পদ্মা নদীর বাম তীরের স্থাপনাসমূহ নদী ভাঙন হতে রক্ষা" শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী।
২০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী।
২২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

২৩) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

২৪) উপবিভাগীয় প্রকৌশলী, রাজশাহী পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী।

মোহাম্মদ মাশহুদুল কবীর
উপসচিব